

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.১০১.১৪(অংশ-১).৩১৫৯

তারিখ : ১৫ পৌষ ১৪৩২  
৩০ ডিসেম্বর ২০২৫

**বিষয় : নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের আঞ্চলিক ও সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসসমূহে আনসারের জন্য টিনসেড ভবন নির্মাণ/স্থাপনের লক্ষ্যে ৬১টি জেলা পরিষদ (তিন পার্বত্য জেলা ব্যতীত)-এর প্রাপ্ত তথ্য ও প্রাক্কলন অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বরাদ্দ প্রদান।**

সূত্র: ১. নম্বর-১৭.০০.০০০০.০০৯.৭৩.০০৯.২৪-৬২৮; তারিখ : ১৮ ডিসেম্বর ২০২৫; এবং


২. স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.১০১.১৪(অংশ-১).৩১১৮, তারিখ : ২১ ডিসেম্বর ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে জরুরিভিত্তিতে নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের আঞ্চলিক ও সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ০৬ (ছয়) জন করে আনসার সদস্য নিয়োগ করা হয়েছে। উক্ত অফিসসমূহে আনসার সদস্যদের সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য উপযুক্ত কোনো কক্ষ বা অবকাঠামোগত সুবিধা বিদ্যমান নেই। নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের মোট ৬৪টি আঞ্চলিক ও সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসে (১০টি আঞ্চলিক নির্বাচন অফিস ও ৫৪টি সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিস) সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও আনসার সদস্যদের দায়িত্ব পালনের সুবিধার্থে সংশ্লিষ্ট অফিস ক্যাম্পাসসমূহে আনসারদের জন্য প্রয়োজনীয় আবাসন ব্যবস্থা (টিনসেড ভবন) নির্মাণ/স্থাপন-এর বিষয়ে জেলা পরিষদ-কে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নির্দেশনা প্রদানের জন্য সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয় হতে স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করা হয়েছিল।

০২। স্থানীয় সরকার বিভাগের ২১ ডিসেম্বর ২০২৫ তারিখের ৩১১৮নং স্মারকে নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের আঞ্চলিক ও সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসসমূহে আনসারদের জন্য থাকার কক্ষ, অস্ত্র রাখার কক্ষ, রান্নার কক্ষ ও ওয়াশরুম সংবলিত টিনসেড ভবন নির্মাণ/স্থাপনের লক্ষ্যে স্ব স্ব নির্বাচন অফিসের প্রত্যয়ন গ্রহণ করে উক্ত অফিস প্রধানের সাথে যৌথ স্বাক্ষরে প্রাক্কলন প্রস্তুতপূর্বক (অফিস ভবনের ছাদের ওপর টিনসেড স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভবনের ঝুঁকি যাচাই সাপেক্ষে) স্থানীয় সরকার বিভাগের অধীন ৬১টি জেলা পরিষদ (তিন পার্বত্য জেলা পরিষদ ব্যতীত)-এর তথ্য জরুরিভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য জেলা পরিষদ (সকল)-কে নির্দেশনা দেয়া হয়। তৎপ্রেক্ষিতে জেলা পরিষদ (সকল) হতে যৌথ স্বাক্ষরে প্রস্তুতকৃত প্রাক্কলন এ বিভাগে অপ্রায়ণ করা হয়েছে, যার মোট প্রাক্কলিত ব্যয় ৬২১.২৫৮৯৯ লক্ষ (ছয় কোটি একুশ লক্ষ পঁচিশ হাজার আটশত নিরানব্বই) টাকা। উল্লেখ্য, জেলা পরিষদ একটি সংবিধিবদ্ধ সংস্থা, যা নিজস্ব আয়ে পরিচালিত হয়। সকল জেলা পরিষদের আর্থিক সক্ষমতা সুদৃঢ় না হওয়ায় জেলা পরিষদের নিজস্ব অর্থায়নে আনসারদের জন্য উল্লিখিত প্রকল্প গ্রহণ করা দুরূহ।

০৩। বর্ণিতাবস্থায়, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে আনসারদের জন্য থাকার কক্ষ, অস্ত্র রাখার কক্ষ, রান্নার কক্ষ ও ওয়াশরুম সংবলিত টিনসেড ভবন নির্মাণ/স্থাপনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের অধীন ৬১টি জেলা পরিষদ (তিন পার্বত্য জেলা ব্যতীত) হতে প্রাপ্ত প্রাক্কলন মোতাবেক মোট ৬২১.২৫৮৯৯ লক্ষ (ছয় কোটি একুশ লক্ষ পঁচিশ হাজার আটশত নিরানব্বই) টাকা বরাদ্দ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে..... পৃষ্ঠা।



খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮

Email : lgzp@lgd.gov.bd


সিনিয়র সচিব  
বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.১০১.১৪(অংশ-১).৩১৫৯/১(৬)

তারিখ : ১৫ পৌষ ১৪৩২  
৩০ ডিসেম্বর ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল);
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]; এবং
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;



খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব